# মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

Microcredit Regulatory Authority

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।


'মুজিববর্ষের উপহার ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার'

রেজিস্টার্ড/এডি

স্মারক নং-৫৩.০৪.০০০০.০০১.১১.০০৮.২১-১১১ তারিখ : ২৬ পৌষ ১৪২৮ / ১০ জানুয়ারি ২০২২

## নিয়োগ আদেশ

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)-এর নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ অনুসারে এবং সন্তোষজনক পুলিশ অনুসন্ধান প্রতিবেদনের প্রেক্ষিতে অথরিটিতে 'কম্পিউটার অপারেটর' পদে নিম্নবর্ণিত প্রার্থীগণকে উল্লেখকৃত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম. | রোল নম্বর | প্রার্থীর নাম ও পিতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ১৯০০০০৩১ | জনাব মোঃ ছানোয়ার হোসেন<br>পিতা- মোঃ আব্দুর রাজ্জাক | আইএসপিপি, যন্ত্র প্রকল্প, উপজেলা : নান্দাইল-২২৯০, জেলা : ময়মনসিংহ। | গ্রাম: নন্দিপাড়া, ডাকঘর : মুকসুদপুর-২১০০ থানা : শেরপুর সদর, জেলা: শেরপুর। |
| ২ | ১৯০০০১১৪ | জনাব মোঃ শাহা আলী<br>পিতা- মোঃ হাফতার আলী | গ্রাম: ছনবান্দা খলিশাকুড়ি, ডাকঘর: বলদিয়া-৫৬৭০, উপজেলা: ভূরুঙ্গামারী, জেলা: কুড়িগ্রাম। | গ্রাম: ছনবান্দা খলিশাকুড়ি, ডাকঘর: বলদিয়া-৫৬৭০, উপজেলা: ভূরুঙ্গামারী, জেলা: কুড়িগ্রাম। |
| ৩ | ১৯০০০০৩৪ | জনাব কমল কৃষ্ণ রায়<br>পিতা- অনন্ত কুমার রায় | কিশোরগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, করিমগঞ্জ-২৩১০, কিশোরগঞ্জ | গ্রাম: রাজারহাট, ডাকঘর: কালীগঞ্জ-৫০২০, উপজেলা: দেবীগঞ্জ, জেলা: পঞ্চগড়। |

**শর্তাবলি :**

(১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩তম বেতন গ্রেড টাঃ ১১০০০-২৬৫৯০ বেতনক্রমে ও তৎসহ এই স্কেলে বিধি মোতাবেক দেয় অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।

(২) নিয়োগপ্রাপ্ত প্রার্থী কোন সরকারি বা বেসরকারি দপ্তর/অধিদপ্তর/প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র (Release Order) গ্রহণপূর্বক দাখিল করতে হবে।

(৩) এ নিয়োগ "মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৯", "কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এবং সময়ে সময়ে কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত বিধান মোতাবেক নিয়ন্ত্রিত হবে।

(৪) এ নিয়োগ "কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এবং "মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৯" অথবা সময়ে সময়ে কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত বিধান মোতাবেক নির্ধারিত সময় শিক্ষানবিশকাল হিসেবে বিবেচিত হবে। শিক্ষানবিশকালে চাকরি সন্তোষজনক না হলে বিধানানুযায়ী চাকরিচ্যুত করা যাবে।

(৫) চাকরিতে যোগদানের পর নির্ধারিত সকল প্রশিক্ষণ কোর্সে বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে।

(৬) চারিত্রিক ও পূর্ব পরিচয় সম্পর্কিত সন্তোষজনক পুলিশ রিপোর্ট, অথরিটি কর্তৃক নির্ধারিত সময়কালের সন্তোষজনক কর্ম-সম্পাদন, সংশ্লিষ্ট বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে সনদপত্র যাচাই প্রতিবেদন প্রাপ্তি, সময়ে সময়ে অর্পিত দায়িত্ব সম্যকভাবে পালন এবং প্রাসঙ্গিক অন্যান্য শর্তাদি পূরণের উপর চাকরিতে স্থায়ীকরণ নির্ভর করবে।

(৭) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক বা সরকার নির্ধারিত বিধি অনুযায়ী জেনারেল প্রভিডেন্ট ফান্ড, কল্যাণ তহবিল, যৌথ বীমা ও পেনশন স্কীমের সদস্য পদ গ্রহণ করতে হবে।

(৮) প্রার্থীগণকে নিজ নিজ ব্যবস্থাপনায় সরকারি হাসপাতাল হতে বুকের এক্স-রে (প্লেটসহ), ই.এস.আর, ডোপটেস্ট রিপোর্টসহ সিভিল সার্জন এর নিকট হতে স্বাস্থ্যগত উপযুক্ততার (Medical Fitness) সনদ দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে গুরুতর কোন রোগ বা স্বাস্থ্যগত সমস্যার উল্লেখ থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যঘাত সৃষ্টি করতে পারে মর্মে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রার্থী/প্রার্থীগণের নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

চলমান পাতা-২

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
Microcredit Regulatory Authority
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।



(৯) পাসপোর্ট আকারের সদ্যতোলা ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও Testimonial এবং আত্মীয় নন এরূপ দুইজন প্রথম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট হতে দুইটি চারিত্রিক সনদ দাখিল করতে হবে। শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাইয়ান্তে কোন অসত্য তথ্য বা প্রার্থী কোন তথ্য গোপন করেছেন এরূপ প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(১০) জাতীয়তা প্রমাণের সনদ/জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং কোন জেলার স্থায়ী বাসিন্দা তার সপক্ষে প্রমাণপত্র প্রদর্শনপূর্বক সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(১১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বরাবর জমা দিতে হবে।

(১২) চাকরির জন্য সরকারি, আধা-সরকারি, স্বশাসিত কিংবা অন্য কোথাও আবেদনপত্র দাখিল অথবা প্রতিযোগিতামূলক পরীক্ষায় (লিখিত কিংবা মৌখিক) অংশগ্রহণ করে থাকলে তার বিশদ বিবরণ একটি ঘোষণাপত্রের আকারে দাখিল করতে হবে।

(১৩) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

(১৪) দাখিলকৃত কোন তথ্য, সনদ ইত্যাদি সত্য না হলে বা মিথ্যা প্রমাণিত হলে নিয়োগকারী সংশ্লিষ্ট প্রার্থী/প্রার্থীগণের নিয়োগ সরাসরি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

(১৫) আগামী ২৩ জানুয়ারি, ২০২২ তারিখ বাংলা ০৯ মাঘ, ১৪২৮ তারিখ রবিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে (সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ ঘটিকা) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি-এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান বরাবরে লিখিত যোগদানপত্র অথরিটির পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ বিভাগ)-এর নিকট দাখিল করবেন, অন্যথায় সংশ্লিষ্ট প্রার্থী/প্রার্থীগণের নিয়োগ আদেশ বাতিল হিসেবে গণ্য হবে।

(১৬) এ আদেশ জনস্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

১০/০১/২০২২

(মোঃ নূরে আলম মেহেদী)
পরিচালক
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
ফোন : ৮৩৩৩৩৮৯

স্মারক নং-৫৩.০৪.০০০০.০০১.১১.০০৮.২১-

তারিখ : ২৬ পৌষ ১৪২৮ / ১০ জানুয়ারি ২০২২

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. পরিচালকগণ, এমআরএ, মগবাজার, ঢাকা
২. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সিস্টেম এনালিস্ট (অথরিটির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), এমআরএ, মগবাজার, ঢাকা
৫. নবনিয়োগপ্রাপ্ত কম্পিউটার অপারেটর (সকল)........................................................
৬. পিএস টু এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, এমআরএ, মগবাজার, ঢাকা (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, এমআরএ, মগবাজার, ঢাকা (নির্বাহী পরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)
৮. ......................................শাখা (সকল), এমআরএ, মগবাজার, ঢাকা
৯. অফিস কপি

(জিনাত আমান বন্যা)
উপপরিচালক